গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০০২.২৫-১৬২

তারিখঃ ৩০ মাঘ ১৪৩১
১৩ ফেব্রুয়ারি ২০২৫

# "সভার নোটিশ"

আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় জনাব মোঃ গোলাম ফেরদৌস, প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এঁর সভাপতিত্বে ফেব্রুয়ারি ২০২৫ মাসের মাসিক সাধারণ/সমন্বয় সভা উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সভায় উপস্থাপনযোগ্য কোন বিষয় থাকলে তা আগামী ১৯/০২/২০২৫ তারিখের মধ্যে লিখিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
মোবাইল নম্বর ঃ ০১৭৯৯৯৪১৫৫৫
ই-মেইল ঃ unobhurungamari@mopa.gov.bd

১। উপজেলা ........................................................ অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২। চেয়ারম্যান ...........................................ইউনিয়ন পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩। জনাব ..................................................................
..................................................................
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২। অফিস নথি।

ফেব্রুয়ারি/২০২৫ মাসের উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিতি

পৃষ্ঠা নং

তারিখ ২০/০২/২০২৫

| | | | |
|---|---|---|---|
| ১ | মো: গোলাম ফেরদৌস<br>উপজেলা নির্বাহী অফিসার | ০১৭৯৯৯৪১৫৫৫ | |
| 2. | মো: আব্দুল জব্বার<br>উপজেলা কৃষি অফিসার | 01722683291 | |
| ৩. | মো: আব্দুল ওয়াদুদ | 01716-222624 | |
| 8. | অমূল্য কুমার গুপ্ত<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01717-401808 | |
| ৫। | মো: আল হেলাল মাহমুদ | 01320-133490 | |
| ৬ | মো: ইকরামুল হক সরকার<br>উপজেলা প্রকৌশলী | 01712070899 | |
| ৭. | মো: আব্দুর রহমান, UsEO | 01712-574803 | |
| ৮. | মোঃ আখতারুল ইসলাম UPEO | 01716328816 | |
| ৯. | মো: [illegible] U.SSO | 01714706627 | |
| ১০। | মো: আবুল হোসেন MBO, CS | 01730983983 | |
| ১১ | মো: রফিকুল আলম [illegible] পল্লী সঞ্চয় ব্যাংক | 01719462118 | |
| ১২ | মো: রেজাউল করিম এ আর ডি | 01717452808 | |
| ১৩ | মোঃ আব্দুল্লাহ আরেফিন<br>U.C.F | 01715-949866 | |
| ১৪ | মো: [illegible] | 01716437654 | |
| ১৫ | মো: মোকবর আলী<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01744789395 | |
| ১৬. | মো: মাহমুদুল হোসেন. UYDO (ভা:) | 01716654170 | |
| ১৭. | মো: আব্দুর রাজ্জাক মিয়া UCO | 01718-646874 | |
| ১৮ | মুহা: উবায়দুল্লাহ, UFS, ইফা | 01717588656 | |
| ১৯ | মো: মোস্তাফিজুর রহমান (ভারপ্রাপ্ত)<br>উপজেলা পরিসংখ্যান অফিসার | 01722-079202 | |

| | | | |
|---|---|---|---|
| ২০ | মোহাম্মদ, সাইদুল ইসলাম | 01745-11304 | [illegible] |
| ২১ | মো: [illegible] (তালতলী-স.) | ০১৭০৮-৪৬৬৬০৮ | [illegible] |
| ২২ | মো: আ: রাজ্জাক মণ্ডল | ০১৭২২২০[illegible] | [illegible] |
| ২৩ | আবুল হাসান | 01738678094 | [illegible] |
| ২৪ | মো: মোস্তাফিজুর রহমান | ০১৭১৬১৮৯৮০৯ | [illegible] |
| ২৫ | ডা: মো: আশিকুজ্জামান. ULO | 01783103947 | [illegible] |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২৫ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।
সভাপতি ঃ মোঃ গোলাম ফেরদৌস, প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
সভার তারিখ ও সময়ঃ ২০ ফেব্রুয়ারি ২০২৫ সময়: বেলা ১২ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। উপজেলা প্রকৌশল দপ্তরঃ

(ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ২৩টি বিদ্যালয় হস্তান্তরিত হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের পিইডিপি-৪ প্রকল্পের ০৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন পাওয় গিয়াছে যাহার টেন্ডার সম্পূর্ণ হয়েছে এবং পিইডিপি -৪ প্রকল্পের আওতায় ০১ টি প্যাকেজে ০২ টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক্ষের কক্ষ নির্মাণের অনুমোদন পাওয়া গিয়েছে যার কাজ চলমান। ২০২৪-২০২৫ অর্থ বছরের IRIDP-৩ প্রকল্পের আওতায় ০৩ (চার) টি রাস্তার কাজ চলমান। তিনি সভায় আরো জানান চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দ প্রাপ্তির পর এডিপির প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং ইতোমধ্যে টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে।

তিনি সভায় আরো জানান উপজেলা পরিষদ হাট-বাজার উন্নয়ন খাত থেকে ভূরুঙ্গামারী উপজেলাধীন হাসপাতাল রোড সোহাগের বাড়ীর পাশে ক্রস ড্রেন নির্মাণ করণ এবং ভূরুঙ্গামারী জামতলা মোড় হইতে আব্দুল হাই এর হোটেল পর্যন্ত ড্রেন মেরামত ও পরিস্কার করণ পর্যন্ত রাস্তা সিসি করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | পদ্ধতি |
|---|---|---|---|
| ০১ | ভূরুঙ্গামারী উপজেলাধীন হাসপাতাল রোড সোহাগের বাড়ীর পাশে ক্রস ড্রেন নির্মাণ করণ। | ২০০০০০.০০ | পিআইসি |
| | ভূরুঙ্গামারী জামতলা মোড় হইতে আব্দুল হাই এর হোটেল পর্যন্ত ড্রেন মেরামত ও পরিস্কার করণ। | ২০০০০০.০০ | পিআইসি |

সিদ্ধান্ত ঃ চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি'র বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান ভূরুঙ্গামারী স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমানে ইসিজি মেশিন অকেজো অবস্থায় রয়েছে। ফলে সরকারি ভাবে আগত রোগীদের প্রয়োজনীয় ইসিজি করা যাচ্ছে না। উপজেলা পরিষদের বরাদ্দ থেকে একটি ইসিজি মেশিন প্রদান করা হলে সাধারণ জনগণ উপকৃত হবে। এমতাবস্থায় উপজেলা পরিষদ থেকে একটি ইজিসি মেশিন সরবরাহের অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জনস্বার্থ বিবেচনায় একটি ইসিজি মেশিন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
সিদ্ধান্ত ঃ হাসপাতালে আগত রোগীদের ইসিজি করার স্বার্থে একটি ইসিজি মেশিন সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয় এবং চিকিৎসা সেবা সুনিশ্চিত করার জন্য সভায় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি ভেটেরিনারি সার্জন সভায় জানান প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ঃ প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গমারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গমারী, কুড়িগ্রাম।

৫। উপজেলা শিক্ষা বিভাগ ঃ

সভায় উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে যথাযথ ভূমিকা পালনের জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬। উপজেলা রিসোর্স সেন্টার ঃ

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান।
সিদ্ধান্ত ঃ রিসোর্স সেন্টারের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭। উপজেলা কৃষি বিভাগ ঃ

উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান কৃষি বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। বর্তমানে বাজারে সারের কোন সংকট নেই মর্মে সভায় তিনি জানান। স্থানীয় বাজারে খুচরা ডিলারগণ যাতে বেশি দামে সার বিক্রি করতে না পারে সে দিকে সজাগ থাকার জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এ ধরনের ঘটনা ঘটলে তাৎক্ষনিকভাবে উপজেলা কৃষি পুনর্বাসন কমিটিকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। চলতি বোরো মৌসুমে আবাদ বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে।

সিদ্ধান্ত ঃ চলতি বোরো মৌসুমে আবাদ বৃদ্ধির লক্ষ্যে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করতে উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ডিলার নিয়োগ সংক্রান্ত সরকারি নির্দেশনা মোতাবেক বিজ্ঞপ্তি জারীর জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানান।
সিদ্ধান্ত ঃ সরকারি নির্দেশনা মোতাবেক খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ডিলার নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারীর সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে এবং নতুন বছরের বই প্রাপ্তি সাপেক্ষে শিক্ষার্থীদের মাঝে বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি সভায় আরো জানান গত কয়েক দিন আগে ছাদের পলেস্তারা খুলে গিয়ে ফ্যান পড়ে গেছে। জরুরী ভিত্তিতে মেরামত করার অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বিষয়টি সরেজমিন পরিদর্শন করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে দায়িত্ব প্রদান করা হয়।
সিদ্ধান্ত ঃ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের অফিসের ছাদ মেরামত বিষয়ে প্রতিবেদন দাখিলের জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২। উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ

সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী।

১৩। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪। উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ

উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান পরিসংখ্যান বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ পরিসংখ্যান বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫। উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর ঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।
সিদ্ধান্ত ঃ আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬। ইসলামিক ফাউন্ডেশন ঃ

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে যাকাতের অর্থ আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানান।
সিদ্ধান্ত ঃ পবিত্র রমজান উপলক্ষ্যে যাকাতের অর্থ আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭। উপজেলা সমাজসেবা দপ্তর ঃ

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান এ উপজেলায় সমাজসেবা বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার সমাজসেবা বিভাগসহ অন্যান্য দপ্তর তথা ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সকল ভাতাভোগীদের শতভাগ স্বচ্ছ নামের তালিকা প্রস্তুত পূর্বক সংরক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।
সিদ্ধান্ত ঃ বিভিন্ন ভাতাভোগীদের শতভাগ স্বচ্ছ নামের তালিকা প্রস্তুত পূর্বক সংরক্ষণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার/বিভাগীয় সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ইউপি চেয়ারম্যান সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮। পল্লী বিদ্যুৎ সমিতি ঃ

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান।
সিদ্ধান্ত ঃ মানুষের ভোগান্তি লাঘবে তথা আসন্ন পবিত্র রমজানে ও সেচ মৌসুমে লোডলেডিং সহনীয় পর্যায়ে রাখার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯। কাস্টম্‌স বিভাগ ঃ

সভায় রাজস্ব কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০। ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এ যাবৎ প্রাপ্ত টিসিবির ফ্যামিলি স্মার্ট কার্ড উপকার ভোগীদের মাঝে ২৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। তাছাড়া তিনি সভায় আরো জানান প্রাপ্ত সংশোধনী আবেদনগুলো অনলাইনে এন্ট্রি যথাযথভাবে সম্পন্ন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে উপকার ভোগীদের মাঝে ভিজিএফ চাল বিতরণের নিমিত্ত স্বচ্ছ নামের তালিকাসহ টিসিবির হালনাগাদ তালিকা প্রস্তুত রাখার জন্য সভায় অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ টিসিবির ফ্যামিলি স্মার্ট কার্ড উপকার ভোগীদের মাঝে ২৫ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে বিতরণ কার্যক্রম সম্পন্ন করা, সংশোধনী আবেদনগুলো অনলাইনে এন্ট্রি যথাযথভাবে সম্পন্ন করাসহ আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে উপকার ভোগীদের মাঝে ভিজিএফ চাল বিতরণের নিমিত্ত স্বচ্ছ নামের তালিকা ও টিসিবির হালনাগাদ তালিকা প্রস্তুত রাখার জন্য চেয়ারম্যান, ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১। মৎস্য বিভাগঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান মৎস্য বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ মৎস্য বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২। পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ ঃ পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩। সমবায় বিভাগঃ

উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ সমবায় বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪। আইসিটি বিভাগঃ

উপজেলা আইসিটি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ পরবর্তী সভায় উপজেলা আইসিটি অফিসারকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আইসিটি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫। বনবিভাগ ঃ

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬। পল্লী সঞ্চয় ব্যাংক ঃ

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য তাকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭। উপজেলা নির্বাচন অফিস ঃ

উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে জানান। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় সরকারি নির্দেশনা মোতাবেক বাদ পড়া ভোটারদের ছবি তোলাসহ আনুসাঙ্গিক যাবতীয় কার্যক্রম নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সরকারি নির্দেশনা মোতাবেক বাদ পড়া ভোটারদের ছবি তোলাসহ আনুসাঙ্গিক যাবতীয় কার্যক্রম নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ

বীরমুক্তিযোদ্ধা এটিএম শাহজাহান মানিক, সাবেক সহঃ কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ মুক্তিযোদ্ধাদের কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য সভায় বীরমুক্তিযোদ্ধা এটিএম শাহজাহান মানিক, সাবেক সহঃ কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ বীরমুক্তিযোদ্ধা এটিএম শাহজাহান মানিক, সাবেক সহঃ কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯। বিএডিসি (সেচ) ঃ

উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।

বাস্তবায়নেঃ উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০। হাট-বাজার সংক্রান্ত ঃ

উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম উপজেলাধীন হাট-বাজার সমূহের উন্নয়নকল্পে ১০% ও ১৫% খাতের অর্থ দ্বারা কি কি প্রকল্প গ্রহণ করা যেতে পারে তা সরেজমিন পরিদর্শন পূর্বক প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ হাট-বাজার সমূহের উন্নয়নকল্পে ১০% ও ১৫% খাতের অর্থ দ্বারা কি কি প্রকল্প গ্রহণ করা যেতে পারে তা সরেজমিন পরিদর্শন পূর্বক প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩১। বিবিধ সংক্রান্ত ঃ

সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যে এখন থেকে পাসপোর্টের জন্য আবেদনকারীগণের পুলিশ ভেরিফিকেশনের প্রয়োজন পড়বে না। জন্ম নিবন্ধন তথা জাতীয় পরিচয় পত্র যাচাই-বাছাই করে পাসপোর্ট প্রদানের সরকারি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ মর্মে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।

৩২। উপজেলা পরিষদ সংক্রান্ত ঃ

(ক) উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালনের জন্য সভায় ইউপি চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তাগণকে অনুরোধ জানান। বিশেষভাবে তিনি উক্ত কার্যক্রমে মনোযোগী হওয়ার জন্য ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তাকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সক্রিয় ভূমিকা পালনের জন্য সভায় ইউপি চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তাগণকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ইউপি চেয়ারম্যান/ইউপি প্রশাসনিক কর্মকর্তা (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

(খ) সভায় উপজেলা পরিষদের গত জানুয়ারি/২০২৫ মাসের খরচের বিবরণী উপস্থাপন করা হয়। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে বিধায় তা অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানানো হয়। আলোচনান্তে জানুয়ারি/২০২৫ মাসের ব্যয় সমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

মাসের নাম ঃ জানুয়ারি/২০২৫

| নং | ব্যয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে জানুয়ারি/২০২৫ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ২. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে জানুয়ারি/২০২৫ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৩. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে জানুয়ারি/২০২৫ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ৩০০০/- |
| ৪. | শ্রী সঞ্জয় বসাক, হোটেল শুভ এন্ড রেষ্টুরেন্ট, ভূরুঙ্গামারীকে জানুয়ারি/২০২৫ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০,০০০/- |
| ৫. | মোঃ আসাদুজ্জামান, আসাদ ফটোস্ট্যাট, ভূরুঙ্গামারী জানুয়ারি/২০২৫ মাসের আনুসাঙ্গিক খরচের বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ৬. | মোঃ সাইদুর রহমান, লাইনম্যান, মায়া সাইবার ওয়ার্ল্ড, জানুয়ারি/২০২৫ মাসের ইন্টারনেট রিচার্জ বিল প্রদান (ভ্যাটসহ) | ৩৬০৩/- |
| ৭. | শ্রীমতি সোভারানী, ভূরুঙ্গামারী জানুয়ারি/২০২৫ মাসের উপজেলা পরিষদ চত্বর পরিস্কারকরণের মজুরী বিল প্রদান (ভ্যাটসহ) | ৭,০০০/- |
| ৮. | মোঃ শাহিনুর রহমান, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৩০০০/- |
| ৯. | মোঃ মিজানুর রহমান, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৫০০০/- |
| ১০. | মোঃ মানিক, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৫০০০/- |
| ১১. | মোঃ বাধন সরকার, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৭০০০/- |
| ১২. | মোঃ শ্রাবণ, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৬০০০/- |
| ১৩. | মোঃ আমিনুর রহমান, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৬০০০/- |
| ১৪. | মোঃ ফজলুল হক, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৫০০০/- |
| ১৫. | মোঃ ছফর উদ্দিন, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৩০০০/- |
| ১৬. | মোঃ আনোয়ার হোসেন, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৫০০০/- |
| ১৭. | মোঃ মনোয়ার হোসেন, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৫০০০/- |
| ১৮. | স্বপন কুমার সাহা, সভাপতি, ইন্দ্র প্রসাদ মন্দির, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ২০০০০/- |
| ১৯. | মোঃ ইব্রাহিম, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)। | ৩০০০/- |

২০.	মোঃ সোনা শেখ, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)।	৫০০০/-
২১.	মোঃ জাহিদুল ইসলাম, আর্থিক সাহায্য (অপ্রত্যাশিত খাত)।	৩০০০/-

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে উপজেলাধীন ইউপি চেয়ারম্যানগণকে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমে গতিশীলতা আনয়ণসহ প্রত্যেক ক্ষেত্রে তাদের সক্ষমতা অনুযায়ী দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করত: গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম ফেরদৌস)
প্রশাসক
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৫-১৬৮	তারিখঃ ০৭ ফাগুন ১৪৩১ / ২০ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১।	সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২।	বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩।	পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৪।	জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫।	উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৬।	উপজেলা .................................................................. অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৭।	চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮।	জনাব ..........................................................................................................................
৯।	অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।